



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/ সুনামগঞ্জ-১৫/ ২৭৩৬

তারিখঃ ২৫/১০/২০১৭খ্রিঃ

বিষয় : অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং- বামাশিবো/প্রশাসন/ সুনামগঞ্জ-১৫/৪২১; তারিখঃ ০৭/০৯/২০১৭খ্রিঃ
২) স্মারক নং- ০৫.৯০৬.০০০.০০.০০.০৪৫.২০১৪-৬২৭/১; তারিখঃ ২৭ জুলাই ২০১৭খ্রিঃ
৩) নং- বামাশিবো/প্রশা/ সুনামগঞ্জ-১৫/২২; তারিখঃ ০৫/০১/২০১৭খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলাধীন লক্ষীপুর তাওয়াক্কেলিয়া দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক দাখিলকৃত আবেদন ও কমিটি সংক্রান্ত কাগজপত্রের প্রেক্ষিতে গত ২১/১২/২০১৬খ্রিঃ তারিখে অত্র বোর্ড হতে ম্যানেজিং কমিটির অনুমোদন দেয়া হয়। অপরদিকে বিদ্যমান বিধি বিধান লঙ্ঘন করে কমিটি গঠন করা হয়েছে মর্মে কতিপয় অভিভাবক সদস্য একখানা অভিযোগপত্র দাখিল করেন।

অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জকে সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী জেলা শিক্ষা অফিসার (চ.দা.), সুনামগঞ্জ এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, বিদ্যমান কমিটি গঠনকল্পে কোন নির্বাচন অনুষ্ঠিত হয়নি, খসড়া ভোটার তালিকা, চূড়ান্ত ভোটার তালিকা এবং নির্বাচন তফসিল ঘোষণা কোনটাই বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ অনুযায়ী হয়নি মর্মে মন্তব্য প্রদান করা হয়েছে।

তদন্ত প্রতিবেদনের আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে সভাপতি ও সুপারকে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি ও সুপার যে জবাব দাখিল করেছেন, তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানের স্বার্থে তদন্ত প্রতিবেদনের আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/৩০৯৬/নথি নং-সুনাম-১৫; তারিখঃ ২১/১২/২০১৬ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঙ্গে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


23.10.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, লক্ষীপুর তাওয়াক্কেলিয়া দাখিল মাদ্রাসা, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

নং- বামাশিবো/প্রশাসন/ সুনামগঞ্জ-১৫/

তারিখঃ /১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৪. সভাপতি/সদস্যবৃন্দ, ভেঙ্গে দেয়া ম্যানেজিং কমিটি, লক্ষীপুর তাওয়াক্কেলিয়া দাখিল মাদ্রাসা, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৫. জনাব আঃ হাই/মোশারফ/শাহাদত গং, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর বৃহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪